



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬
website: www.nimc.gov.bd



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৪০৩.২৫.০০১.১৭.৬৬৮৯

১৮ আশ্বিন ১৪২৪
০৬ অক্টোবর ২০১৭

প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

Communicative English Course for Media প্রশিক্ষণ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে আগামী ০৫ নভেম্বর থেকে ২৩ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত ০৩ (তিন) সপ্তাহব্যাপী **Communicative English Course for Media** প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।

প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই স্নাতক পাশ হতে হবে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ৳ ২০০/- (টাকা দুইশত) মাত্র নির্ধারিত ফি দিয়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

আগামী ০৫ অক্টোবর, ২০১৭ থেকে প্রতিদিন অফিস চলাকালীন আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি, স্নাতক পাশের সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র পেশ করতে হবে। ইনস্টিটিউটের website: www.nimc.gov.bd-তে সরাসরি আবেদন করা যাবে। তবে এক্ষেত্রে প্রার্থীকে সাক্ষাৎকার গ্রহণের দিন আবেদনপত্রের নির্ধারিত ফি এ ইনস্টিটিউটের হিসাব শাখায় জমা দিতে হবে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ১৯ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। বাছাই পরীক্ষা আগামী ২৩ অক্টোবর ২০১৭ তারিখ সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত হবে। এজন্য পৃথক কোন পত্র দেয়া হবে না। বাছাই পরীক্ষার পর নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ২৩ অক্টোবর ২০১৭ তারিখ বিকেল ০৪:৩০ মি. ইনস্টিটিউটের ওয়েবসাইট ও নোটিস বোর্ডে দেয়া হবে।

মনোনীত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৳ ৩,০০০/= (টাকা তিন হাজার) মাত্র আগামী ২৬ অক্টোবর ২০১৭ তারিখ এর মধ্যে “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট” এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোহা: আব্দুল জলিল)

উপ-পরিচালক (অর্থ ও প্রশাসন)

ও

পাঠ্যধারা পরিচালক

দুরালাপনী : ৫৫০৭৯৪৪৬